

## ঢাবি অধিভুক্ত সাত কলেজ অন্য অধিভুক্ত প্রতিষ্ঠানের মতোই চলবে — ঢাবি উপাচার্য

বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেছেন, ঢাবি অধিভুক্ত রাজধানীর সাত সরকারি কলেজ বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত অন্য প্রতিষ্ঠানের মতোই চলবে। এটি একটি ভিন্ন বিষয়। গতকাল সকালে বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদভুক্ত 'গ' ইউনিটের ভর্তি পরীক্ষা চলাকালে একটি কেন্দ্র পরিদর্শন শেষে অধিভুক্ত কলেজসমূহ নিয়ে এক সাংবাদিকের করা প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। উপাচার্য বলেন, সাত কলেজ একটি স্বতন্ত্র বিষয়। অন্য : পৃষ্ঠা : ২ ক : ১

## অন্য : অধিভুক্ত (১৬ পৃষ্ঠার পর)

এসব শিক্ষাপ্রতিষ্ঠান এফিলিয়েটেড (শাখারূপে অধিভুক্ত) কলেজ পরিচালনার জন্য যে বিধি বিধান আছে সে অনুযায়ী পরিচালিত হবে।

ড. মো. আখতারুজ্জামান আরও বলেন, সাত কলেজের বিষয়টি স্বতন্ত্র। এ ব্যাপারে আমরা কিছু সিদ্ধান্ত নিয়েছি। ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত টেক্সটাইল, ইঞ্জিনিয়ারিং ও মেডিকেল কলেজে ইউনিটভিত্তিক ভর্তি পরীক্ষা হয়। অধিভুক্ত সাত কলেজেও ঠিক একইভাবে ইউনিটভিত্তিক ভর্তি পরীক্ষা হবে।